গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-২৮/২০১৯-২০২০
ঢাকা, ১ আগস্ট বৃহস্পতিবার ২০১৯, ১৭ শ্রাবণ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। শোকের মাস আগস্ট শুরু
২। বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে ভ্রাম্যমাণ বইমেলা উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী
৩। অন্য যেকোনো চ্যালেঞ্জের মতো ডেঙ্গু মোকাবিলায়ও সফল হবো : সেতুমন্ত্রী
৪। এডিস মশা নির্মূলে ওষুধ ও জনবল দ্বিগুণ করা হয়েছে : ঢাকা উত্তরের মেয়র
৫। ডেঙ্গু রোগীদের সহায়তায় ব্যাংকগুলোকে এগিয়ে আসার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের
৬। গুজব প্রতিহত ও অপরাধীকে শনাক্ত করতে সক্ষম সাইবার সিকিউরিটি ইউনিট : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। গুজব ঠেকাতে গণমাধ্যমের সহযোগিতা চান তথ্যমন্ত্রী
৮। সরকার উন্নয়ন সুবিধা তৃণমূলে পৌঁছে দিচ্ছে : পীরগঞ্জে স্পিকার
৯। সরকার দরিদ্র নাগরিকদের বিনামূল্যে আইনগত সহায়তা প্রদান করছে : জেনেভায় আইনমন্ত্রী
১০। সরকার অর্থনৈতিক কূটনীতিকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী
১১। অফশোর অনশোরে গ্যাস অনুসন্ধানে এখন বিনিয়োগের উপযুক্ত সময় : জাকার্তায় বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১২। দুধে ক্ষতিকর ভারী ধাতুর উপস্থিতি কিছুই পাওয়া যায়নি : সংবাদসম্মেলনে কৃষিমন্ত্রী
১৩। শাহ আমানত বিমানবন্দরের উন্নয়নে ৪৭২ কোটি টাকার ক্রয়প্রস্তাব অনুমোদন
১৪। সরকার বীমাখাতকে এগিয়ে নিতে উদ্যোগ নিয়েছে : পরিকল্পনামন্ত্রী
১৫। বায়ুদূষণ শূন্যের কোঠায় আনতে আইন হচ্ছে : পরিবেশমন্ত্রী
১৬। অভিযোগ ছাড়া পশুবাহী ট্রাক থামানো যাবে না : আইজিপি
১৭। নতুন মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক
১৮। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ শুরু আজ

চলমান পাতা-২

১। **শোকের মাস আগস্ট শুরু**

আজ ১ আগস্ট। জাতির বেদনাবিধুর শোকের মাসের প্রথম দিন। ১৯৭৫ সালের এ মাসেই বাঙালি হারিয়েছে হাজার বছরের শ্রেষ্ঠ সন্তান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। বাঙালির ইতিহাসে অবিসংবাদিত এ নেতার কীর্তি-স্মৃতি আজও অম্লান। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাতে ঘাতকরা শুধু বঙ্গবন্ধুকেই হত্যা করেনি, তাদের হাতে একে একে প্রাণ দিয়েছেন বঙ্গবন্ধুর সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবসহ পরিবারের সদস্য ও আত্মীয়স্বজন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে ভ্রাম্যমাণ বইমেলা উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী**

'বঙ্গবন্ধুকে জানো-দেশকে ভালোবাসো' স্লোগানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে ২০ মাসব্যাপী ভ্রাম্যমাণ বঙ্গবন্ধু বইমেলা উদ্বোধন করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের সামনে গতকাল (৩১ জুলাই বুধবার) শ্রাবণ প্রকাশনীর উদ্যোগে দেশব্যাপী এ মেলা উদ্বোধনকালে মন্ত্রী বলেন, বই আমাদের মানবিক মূল্যবোধ গড়ে, ইতিহাস জানায় এবং ভবিষ্যতের পথনির্দেশ দেয়। এ কারণে সমৃদ্ধ রাষ্ট্র গড়ার পাশাপাশি উন্নত জাতি গঠনের জন্য বই পড়ার অভ্যাসকে ধরে রাখতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২)।

৩। **অন্য যেকোনো চ্যালেঞ্জের মতো ডেঙ্গু মোকাবিলায়ও সফল হবো : সেতুমন্ত্রী**

'প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ, পরিষ্কার রাখি চারপাশের পরিবেশ, পরিচ্ছন্ন সমাজ-ডেঙ্গুমুক্ত বাংলাদেশ' এ স্লোগানে গতকাল (৩১ জুলাই বুধবার) রাজধানীসহ সারাদেশে পরিচ্ছন্ন অভিযানে নেমেছেন আওয়ামী লীগের নেতাকর্মীরা। রাজধানীর জিগাতলা মোড়ের ধানমন্ডি লেকে ডেঙ্গুর প্রতিরোধ ও সচেতনতা তৈরিতে আওয়ামী লীগের তিন দিনব্যাপী পরিচ্ছন্ন অভিযান কর্মসূচির উদ্বোধন করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। উদ্বোধনকালে সেতুমন্ত্রী বলেন, অ্যাডিস মশা এমন শক্তিশালী কিছু নয় যে, আমরা প্রতিরোধ করতে পারব না। অন্য যেকোনো চ্যালেঞ্জের মতো ডেঙ্গু মোকাবিলায়ও সফল হবো। কর্মসূচির উদ্বোধনকালে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

৪। **এডিস মশা নির্মূলে ওষুধ ও জনবল দ্বিগুণ করা হয়েছে : ঢাকা উত্তরের মেয়র**

এডিস মশা মারতে ওষুধের পরিমাণ ও জনবল আগের চেয়ে দ্বিগুণ করা হয়েছে বলে জানিয়েছেন ঢাকা উত্তরের মেয়র আতিকুল ইসলাম। একইসঙ্গে তিনি বলেন, আর পিঠে মেশিন ঝুলিয়ে নয়, এবার মোটরবাইকে ওষুধ ছিটানোর উদ্যোগ নেয়া হয়েছে। কম সময়ে ও অধিক স্থানে মশা নিধন কার্যক্রম পরিচালনার জন্যই এ উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান মেয়র। অপরদিকে ডেঙ্গু জ্বরে আক্রান্ত কি না সে পরীক্ষা, আক্রান্তদের ওষুধ ও চিকিৎসা নিয়ে ব্যবসা না করতে বিভিন্ন হাসপাতাল ও ক্লিনিক মালিকদের প্রতি আহ্বান জানান তিনি। গতকাল (৩১ জুলাই বুধবার) গুলশান-২ সার্কেলে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৩)।

৫। **ডেঙ্গু রোগীদের সহায়তায় ব্যাংকগুলোকে এগিয়ে আসার নির্দেশ বাংলাদেশ ব্যাংকের**

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ব্যাংকগুলোকে ডেঙ্গু জ্বরে আক্রান্ত দরিদ্র ও অসহায় রোগীদের চিকিৎসায় সহায়তা দিতে বলেছে বাংলাদেশ ব্যাংক। ঢাকাসহ সারাদেশে ব্যাপকহারে ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব দেখা দেয়ার পরিপ্রেক্ষিতে গতকাল (৩১ জুলাই বুধবার) বাংলাদেশ ব্যাংকের এক সার্কুলারে এ নির্দেশনা দেয়া হয়। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৬। **গুজব প্রতিহত ও অপরাধীকে শনাক্ত করতে সক্ষম সাইবার সিকিউরিটি ইউনিট : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, যে কোনো ধরনের গুজব প্রতিহত এবং অপরাধীকে শনাক্ত করে শাস্তির আওতায় আনতে সাইবার সিকিউরিটি ইউনিট সক্ষম। এসব রোধে সাইবার সিকিউরিটি ইউনিট উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে বলেও তিনি উল্লেখ করেন। গতকাল (৩১ জুলাই বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ অডিটোরিয়ামে ঢাকা ইউনিভার্সিটি আইটি সোসাইটি কর্তৃক আয়োজিত 'সাইবার সিকিউরিটি অ্যাওয়ার্নেস ফর ওমেন এম্পাওয়ারমেন্ট-২০১৯' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **সমকাল** (পৃ.৪,ক.৮)।

৭। **গুজব ঠেকাতে গণমাধ্যমের সহযোগিতা চান তথ্যমন্ত্রী**

গণমাধ্যম নয়, সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ছড়ানো হচ্ছে। তাই গুজবের বিরুদ্ধে গণমাধ্যমের সহযোগিতা চেয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (৩১ জুলাই বুধবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে গুজব নিরসন সংক্রান্ত কমিটির বৈঠকে তিনি এ কথা বলেন। তিনি বলেন, গণমাধ্যম নয়, সামাজিক মাধ্যমে গুজব ছড়াচ্ছে। সুতরাং এর বিরুদ্ধে সবার সম্মিলিত প্রচেষ্টা চালাতে হবে। সেজন্য গুজবের বিরুদ্ধে গণমাধ্যমের সহযোগিতা চাই। সামাজিক মাধ্যমে কেউ মিথ্যা পোস্ট দিলে সেখানেই তার বিরুদ্ধে প্রচার চালাতে হবে। তাহলে সঙ্গে সঙ্গেই গুজব প্রতিরোধ সম্ভব হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.৭)।

৮। **সরকার উন্নয়ন সুবিধা তৃণমূলে পৌঁছে দিচ্ছে : পীরগঞ্জে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, উন্নয়ন সুবিধা তৃণমূলে পৌঁছে দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস কাজ করে যাচ্ছেন। একজন মানুষও গৃহহীন থাকবে না। এ লক্ষ্য বাস্তবায়নে কাজ করছে সরকার। সারাদেশের মতো পীরগঞ্জেও উন্নয়নের ছোঁয়া আজ দৃশ্যমান। গতকাল (৩১ জুলাই বুধবার) রংপুরের পীরগঞ্জে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আশ্রয়ণ-২ 'জমি আছে ঘর নেই' প্রকল্পের আওতায় নির্মিত ২৮০টি ঘরের চাবি হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৮,ক.১)।

৯। **সরকার দরিদ্র নাগরিকদের বিনামূল্যে আইনগত সহায়তা প্রদান করছে : জেনেভায় আইনমন্ত্রী**

আইনন্ত্রী আনিসুল হক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার দেশে ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে বিচার বিভাগের স্বাধীনতাকে সুসংহত করছে। বিচার বিভাগে এক হাজরের বেশি বিচারক নিয়োগ দিয়েছেন এবং তাদের অষ্ট্রেলিয়া, ভারত, চীন ও জাপানে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ৬৪টি জেলায় বিচার বিভাগের জন্য অবকাঠামো তৈরি করা হয়েছে। দরিদ্র-অসহায় জনগোষ্ঠীর সুবিচারপ্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে আইনগত সহায়তা প্রদান, আইন প্রণয়নসহ দরিদ্র অসহায় নাগরিকদের বিনামূল্যে আইনগত সহায়তা প্রদান করা হচ্ছে। গতকাল (৩১ জুলাই বুধবার) জেনেভায় জাতিসংঘের নির্যাতন বিরোধী কমিটির (ক্যাট) সভায় বিভিন্ন প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

১০। **সরকার অর্থনৈতিক কূটনীতিকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বর্তমান সরকার অর্থনৈতিক কূটনীতিকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। তবে চীনের কাছ থেকে ঋণ নেওয়ার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা হচ্ছে। গতকাল (৩১ জুলাই বুধবার) রাজধানীর কুড়িল বিশ্বরোড সংলগ্ন কুড়াতলী এলাকায় আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি) ক্যাম্পাসে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, চীনের কাছ থেকে ঋণ সহযোগিতা নেওয়ার ক্ষেত্রে শ্রীলঙ্কার মতো অবস্থা যেন না হয়, সে ব্যাপারে এখন সতর্ক বাংলাদেশ। তিনি বলেন, 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে শত্রুতা নয়' কূটনীতির এ মূলনীতি অনুসরণ করেই ভারত ও চীনের সঙ্গে ভারসাম্যপূর্ণ সম্পর্ক বজায় রেখে চলেছে বাংলাদেশ। পশ্চিমাদের সঙ্গে যেমন সুসম্পর্ক বজায় রয়েছে, একইভাবে মুসলিম দেশগুলোর সঙ্গেও ভারসাম্যপূর্ণ সম্পর্ক রেখে চলেছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫)।

১১। **অফশোর অনশোরে গ্যাস অনুসন্ধানে এখন বিনিয়োগের উপযুক্ত সময় : জাকার্তায় বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, স্পট মার্কেট হতে এলএনজি আমদানি, ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল স্থাপন, অফশোর বা অনশোরে গ্যাস-তেল অনুসন্ধান, এলএনজিভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র, গ্যাস সঞ্চালন ব্যবস্থাপনা ইত্যাদি ক্ষেত্রে এখনই বিনিয়োগ করার উপযুক্ত সময়। বিনেয়োগের ক্ষেত্রে রাষ্ট্রীয় নিরাপত্তা-ট্রাক্স হলিডেসহ নানাবিধ সুবিধা রয়েছে। গতকাল (৩১ জুলাই বুধবার) ইন্দোনেশিয়ার জাকার্তায় জাকার্তা কনভেনশন সেন্টারে 'গ্যাস ইন্দোনেশিয়া সামিট অ্যান্ড এক্সজিবিশিন ২০১৯' এর মূল প্রবন্ধ উপস্থাপনকালে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, বাংলাদেশ পোশাক রফতানিতে বিশ্বে দ্বিতীয়, সোলার হোম সিস্টেম স্থাপনে বিশ্বে প্রথম, মিঠা পানির মৎস্য উৎপাদনে বিশ্বে ৫ম, সবজি উৎপাদনে বিশ্বে ৪র্থ। সঠিক নেতৃত্বের জন্যই অল্প ভূমিতে বিপুল জনগোষ্ঠী নিয়েও এ সাফল্য অর্জিত হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫)।

১২। **দুধে ক্ষতিকর ভারী ধাতুর উপস্থিতি কিছুই পাওয়া যায়নি : সংবাদসম্মেলনে কৃষিমন্ত্রী**

দেশে উৎপাদিত পাস্তুরিত-অপাস্তুরিত দুধে সিসা, ক্রোমিয়াম কিংবা সালফা ড্রাগের মতো ভারী ধাতুর উপস্থিতি পাওয়া যায়নি বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। তিনি বলেন, এসব দুধের নমুনা ভারতের চেন্নাইয়ে পরীক্ষা করা হয়েছে। এছাড়া বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) পরীক্ষা করে জানিয়েছে, এসব দুধে স্বাস্থ্যঝুঁকির মতো কোনো উপাদান নেই। গতকাল (৩১ জুলাই বুধবার) সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সভাকক্ষে বিএআরসি'র পুষ্টি ইউনিট আয়োজিত দুধে অ্যান্টিবায়োটিক, সালফা ড্রাগ ও ভারী ধাতুর উপস্থিতি বিশ্লেষণ ফলাফল প্রকাশ বিষয়ক সংবাদসম্মেলনে কৃষিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

১৩। শাহ আমানত বিমানবন্দরের উন্নয়নে ৪৭২ কোটি টাকার ক্রয়প্রস্তাব অনুমোদন

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, আমরা ব্যবসায়ীদের জন্য একটা এক্সিট প্ল্যান তৈরি করেছি। তা যদি বাস্তবায়ন করতে পারি তাহলে প্রত্যেক ব্যবসায়ী লাভবান হবে। খুব শীঘ্রই এটি বাস্তবায়ন হবে বলে আমরা আশা করছি। তিনি বলেন, এর ফলে অর্থ কেলেঙ্কারির অভিযোগে থাকা ব্যবসায়ীরা অর্থ শোধ করে আবারো ব্যবসায় ফিরে আসবেন বলে আমরা মনে করি। একই সাথে তিনি জানান, শাহ আমানত বিমানবন্দরের উন্নয়নে ৪৭২ কোটি ৭৫ লাখ ৬৮ হাজার টাকার প্রস্তাব অনুমোদন করা হয়েছে। আধুনিকায়নের কাজটি বাস্তবায়ন করবে যৌথভাবে মীর আকতার এবং সিএএমসিই। গতকাল (৩১ জুলাই বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভাশেষে তিনি সাংবাদিকদের এসব কথা জানান। সূত্র : **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

১৪ । সরকার বীমাখাতকে এগিয়ে নিতে উদ্যোগ নিয়েছে : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, বর্তমান সরকার বীমাখাতকে এগিয়ে নিতে নানা উদ্যোগ নিয়েছে। উদ্যোক্তারা সরকারের উদ্যোগের সঙ্গে সমন্বয় করে কাজ করলে আগামীতে এ খাত আর্থ-সামাজিক অগ্রগতিতে আরও অবদান রাখবে। গতকাল (৩১ জুলাই বুধবার) চলতি অর্থবছরের বাজেটে বীমা শিল্পের প্রত্যাশা ও প্রাপ্তি শিরোনামের এক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.১২,ক.১)।

১৫। বায়ুদূষণ শূন্যের কোঠায় আনতে আইন হচ্ছে : পরিবেশমন্ত্রী

সরকার বায়ূদূষণ শূন্যের কোঠায় নামিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছে। এজন্য নতুন করে আইন প্রণয়ন করা হচ্ছে। ইতোমধ্যে আইনের খসড়া তৈরি করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী মোঃ শাহাব উদ্দিন গতকাল (৩১ জুলাই বুধবার) বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ জার্নালিস্ট ফোরামের (বিজিজেএফ) সদস্যদের সঙ্গে মতবিনিময়কালে এ কথা জানান। তিনি বলেন, বাংলাদেশে সবচেয়ে বেশি বায়ুদূষণ করে ইটভাটা। দেশের মোট বায়ুদূষণের ৫৮ ভাগই হয় ইটভাটা থেকে। ইতোমধ্যে দেশের ৬৫ ভাগ ইটভাটাকে দূষণমুক্ত করা হয়েছে। কিছু দিনের মধ্যে শতভাগ ইটভাটা বায়ুদূষণ মুক্ত হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

১৬। অভিযোগ ছাড়া পশুবাহী ট্রাক থামানো যাবে না : আইজিপি

সুনির্দিষ্ট অভিযোগ ছাড়া মহাসড়কে কোরবানির পশুবাহী ট্রাক না থামানোর জন্য পুলিশ কর্মকর্তাদের কঠোর নির্দেশ দিয়েছেন আইজিপি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী। গতকাল (৩১ জুলাই বুধবার) পুলিশ সদর দপ্তরের সম্মেলনকক্ষে দিনব্যাপী অনুষ্ঠিত ত্রৈমাসিক অপরাধ পর্যালোচনা সভায় আইজিপি এ নির্দেশ প্রদান করেন। সভায় আইজিপি বলেন, মহাসড়কের ওপর কোনোভাবেই কোরবানির পশুরহাট বসানো যাবে না। মহাসড়ক, নৌপথ ও রেলপথে ট্রাফিক ব্যবস্থাপনা স্বাভাবিক রাখতে হবে। কেন্দ্রীয় ঈদগাহসহ দেশের প্রধান প্রধান ঈদ জামাতস্থলের নিরাপত্তা নিশ্চিত করতে পোশাকে এবং সাদা পোশাকে পুলিশ মোতায়েন থাকবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮)।

১৭। নতুন মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক

বেসরকারি খাতে ঋণ প্রবাহের প্রবৃদ্ধির লক্ষ্য কমিয়ে চলতি অর্থবছরের (২০১৯-২০) নতুন মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। অন্যদিকে বাড়ানো হয়েছে সরকারি খাতে ঋণ প্রবাহের লক্ষ্যমাত্রা। সার্বিকভাবে মুদ্রানীতিতে ঋণ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রায় কিছুটা সংশোধন ছাড়া বড়ো কোনো পরিবর্তন আনা হয়নি। গতকাল (৩১ জুলাই বুধবার) কেন্দ্রীয় ব্যাংকের সম্মেলনকক্ষে মুদ্রানীতি ঘোষণা করেন গভর্নর ফজলে কবির। নতুন মুদ্রানীতিতে বেসরকারি খাতে ঋণ প্রবাহে প্রবৃদ্ধি ধরা হয়েছে ১৪ দশমিক ৮০ শতাংশ এবং সরকারি খাতে ঋণ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা বাড়িয়ে ২৪ দশমিক ৩০ শতাংশ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

১৮। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ শুরু আজ

আজ ১ আগস্ট বৃহস্পতিবার হতে শুরু হচ্ছে 'বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০১৯'। আগামী ৭ আগস্ট পর্যন্ত বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সপ্তাহটি পালন করা হবে। এবারের প্রতিপাদ্য 'এম্পাওয়ার পেরেন্টস, আনঅ্যাবল ব্রেস্টফিডিং : নাউ এন্ড ফর দ্য ফিউচার'। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১১,ক.৬)।

সম্পাদকীয়

ক.	**যুগান্তর :** ডেঙ্গুজ্বরের জীবাণুবাহক এডিস মশা নিধনে অকার্যকর ওষুধ ক্রয়ে রাজধানীর দুই সিটি করপোরেশনের শক্তিশালী সিন্ডিকেট সক্রিয় বলে অভিযোগ উঠেছে উল্লেখ করে এসব সিন্ডিকেটের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পাশাপাশি মশা নিধনে শতভাগ কার্যকর ওষুধ আমদানির পরামর্শ।

খ.	**ঢাকা ট্রিবিউন :** ডেঙ্গু প্রতিরোধে রাজধানীকে বর্জ্যমুক্ত করে পরিচ্ছন্ন করে তোলার ওপর গুরুত্বারোপ।

গ.	**যায়যায়দিন :** দেশে এ বছর বন্যায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্যানুযায়ী ২ হাজার ৩৫০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষয়ক্ষতি হয়েছে উল্লেখ করে এ ব্যাপারে দ্রুত কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ.	**ইত্তেফাক :** কুড়িগ্রামের রৌমারী ও ভূরুঙ্গামারীসহ বিভিন্ন সীমান্ত দিয়ে অবৈধভাবে প্রতিবেশী দেশের গরু আসছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে অবৈধ পথে গরু আসা বন্ধে সীমান্তে কড়াকড়ি আরোপের সুপারিশ।

ঙ.	**ভোরের কাগজ :** আসন্ন ঈদুল আজহায় ঘরমুখী মানুষদের সুবিধার্থে রেলওয়ে সেবা অ্যাপের মাধ্যমে রেলওয়ের ৫০ শতাংশ আগাম টিকেট বিক্রি করার ঘোষণা এলেও বারবার চেষ্টা করেও অ্যাপে মিলছে না টিকেট উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

উপসম্পাদকীয়

বণিক বার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ব্যাংকিং খাতের বহুমুখী সমস্যার বাস্তবতায় নীতিনির্ধারকদের অবশ্যই দীর্ঘমেয়াদি পদক্ষেপ নিতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'সচেতন না হলে ডেঙ্গু আরো ভয়াবহ হতে পারে'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, ডেঙ্গুর ভয়াবহতা থেকে রক্ষা পেতে এখনই মশা নিয়ন্ত্রণে কার্যকরী উদ্যোগ নিতে হবে, শহর জুড়ে মশা নিরোধক স্প্রে প্রয়োগের পাশাপাশি জনগণকে সচেতন করতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা